

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১২২.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ই, কালশি পাম্প হতে কালশি বালুর মাঠ বস্তিতে সংযোগ নেটওয়ার্কে ১১০ মিঃমিঃ ব্যাসের পানির লাইন প্রতিস্থাপন করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ই, কালশি পাম্প হতে কালশি বালুর মাঠ বস্তিতে সংযোগ নেটওয়ার্কে ১১০ মিঃমিঃ ব্যাসের পানির লাইন প্রতিস্থাপন করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৯/৬/২৩ ৫:৩৮ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন কালশি বালুর মাঠ বস্তিতে পানি না পাওয়ায় মডস জোন-১০ এর অভিযোগ কেন্দ্রে এবং দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর মোবাইলে অভিযোগের আলোকে এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়। কালশি বালুর মাঠ বস্তি এবং তোতা মিয়ার বস্তিতে বসবাসকারী স্বল্প আয়ের মানুষের (LIC) মাঝে এনজিও ডিএসকে (DSK) এর তত্ত্বাবধানে মিরপুর-১২/ই, কালশি পাম্প হতে পানি সরবরাহ করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে মিরপুর-১২/ই, কালশি পাম্প হতে কালশি বালুর মাঠ বস্তির সংযোগ নেটওয়ার্কে ১১০ মিঃমিঃ ব্যাসের পানির লাইন এর প্রায় ৩০ ফুট পাইপ সিটি কর্পোরেশন এর ড্রেনের ভিতরে ড্যামেজ হয়ে গেছে। পাইপ ড্যামেজের কারণে প্রচুর পানি অপচয় হচ্ছে এবং কালশি বালুর মাঠ বস্তি এবং তোতা মিয়ার বস্তিতে বসবাসকারীরা পানি পাচ্ছে না। তাই জরুরীভাবে পানির লাইনের ১১০ মিঃমিঃ ব্যাসের প্রায় ৩০ফুট ইউপিভিসি পাইপ প্রতিস্থাপন করা প্রয়োজন।


উক্ত কাজটি ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-২)। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৯,২৩৭/- (উনপঞ্চাশ হাজার দুইশত সাইত্রিশ টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান রুসাফা কর্পোরেশনস এর সাথে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠানটি উক্ত কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জ্ঞাপন করে। আলোচ্য কাজটির ব্যয়ভার মডস জোন-১০ এর ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-১৩ (বাজেট কোড: ০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-১)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৯/৬/২৩ ৫:৩৯ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ই, কালশি পাম্প হতে কালশি বালুর মাঠ বস্তিতে সংযোগ নেটওয়ার্কে ১১০ মিঃমিঃ ব্যাসের পানির লাইন প্রতিস্থাপন করণ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী জরুরী ভিত্তিতে রুসাফা কর্পোরেশনস এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার জন্য ৪৯,২৩৭/- (উনপঞ্চাশ হাজার দুইশত সাইত্রিশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।


১৯/৬/২৩ ৫:৪৩ অপরাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০


১৯/৬/২৩ ৮:০৩ অপরাহ্ন
নূর মোহাম্মদ জিয়াউল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১০


২১/৬/২৩ ৮:২১ পূর্বাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০


২১/৬/২৩ ১:১৬ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২


২১/৬/২৩ ১:১৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/৬/২৩ ২:১১ অপরাহ্ন

অনুমোদিত



২১/৬/২৩ ২:১১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২২/৬/২৩ ৭:২৩ অপরাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২২/৬/২৩ ৭:২৩ অপরাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০